



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

বকশিবাজার, ঢাকা।

website : www.bmeb.gov.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

নং বামাশিবো/রিক/শিবালয়-মানিকগঞ্জ-১৯/

তারিখ: /০৬/২০১৭


## অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের ২৬/০৪/২০১৭ তারিখের ৩৭.০০.০০০০.০৮৫.৮৬.০১৬.১৫-১২৯ সংখ্যক পত্র মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে শিক্ষক/কর্মচারীগণের বেতন ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করা হবে এবং এমপিও দাবী করা হবে না মর্মে মাদরাসা কর্তৃপক্ষ অঙ্গীকারনামা জমা দেয়ার পরিপ্রেক্ষিতে মানিকগঞ্জ জেলার শিবালয় উপজেলাধীন জাফরগঞ্জ ডাকঘরের অন্তর্গত কাজী সফিউদ্দিন দাখিল মাদরাসায় নিম্নবর্ণিত শর্তে দাখিল স্তরে বিজ্ঞান বিভাগ খোলার অনুমতি ০১/০১/২০১৭ তারিখ হতে প্রদান করা হলো। মাদরাসার কোড: 11117, EHN: 111051.

### পালনীয় শর্তাবলী:

১. মহিলা কোটা পূরণের শর্তে।
২. প্রতিটি মাদরাসায় বিজ্ঞানাগার ও প্রয়োজনীয় যন্ত্রপাতি থাকতে হবে।
৩. বিধি মোতাবেক সকল পদে নিবন্ধনকৃত শিক্ষক নিয়োগ করতে হবে।
৪. দাখিল বিজ্ঞান বিভাগসহ প্রত্যেক শ্রেণিতে ছাত্র/ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৫. দাখিল বিজ্ঞান বিভাগের চূড়ান্ত পরীক্ষার ফলাফল গুণগত ও সংখ্যাগত দিক দিয়ে সন্তোষজনক হতে হবে।
৬. বিজ্ঞান বিভাগের জন্য পৃথক পৃথক পাকা বিজ্ঞানাগার নির্মাণ করতে হবে।
৭. মাদরাসার লাইব্রেরির জন্য আরও ৫,০০০/- টাকার বিজ্ঞান বিষয়ের বই ক্রয় করতে হবে।
৮. বিজ্ঞান বিভাগের জন্য আরও ১০,০০০/- টাকার বৈজ্ঞানিক যন্ত্রপাতি/রসায়নিক দ্রব্যাদি ক্রয় করতে হবে।
৯. বিজ্ঞান বিভাগের ছাত্র/ছাত্রীর সংখ্যা কমপক্ষে ৪০ জনে উন্নীত করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



(মো: আবুল বাসার)

মাদরাসা পরিদর্শক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ/তত্ত্বাবধায়ক

কাজী সফিউদ্দিন দাখিল মাদরাসা


ডাকঘর- জাফরগঞ্জ, উপজেলা- শিবালয়, জেলা- মানিকগঞ্জ।

নং বামাশিবো/রিক/শিবালয়-মানিকগঞ্জ-১৯/ ৪৪/১৯

তারিখ: ২০/০৬/২০১৭

### অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৩. পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, পলাশী, নীলক্ষেত, ঢাকা
৪. রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৬. জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
৭. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল
৮. উপজেলা নির্বাহী অফিসার, শিবালয়, মানিকগঞ্জ।
৯. জেলা শিক্ষা অফিসার, মানিকগঞ্জ।
১০. অফিস কপি।



(মো: হোসেন)

উপ-পরিদর্শক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা